

বুয়েটে জঙ্গিগোষ্ঠী কার্যক্রম চালাচ্ছে কি না, তদন্ত করব: শিক্ষামন্ত্রী

অনলাইন ডেস্ক

৩০ মার্চ ২০২৪, ০৪:৫২ পিএম



রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) কোনো জঙ্গিগোষ্ঠী গোপনে কার্যক্রম চালাচ্ছে কি না, সে বিষয়ে তদন্ত করা হবে বলে জানানেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। আজ শনিবার দুপুরে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

বুয়েটে ছাত্ররাজনীতির বিরুদ্ধে চলমান আন্দোলনের প্রসঙ্গ টেনে শিক্ষামন্ত্রী বলেন, ‘কিছুদিন আগেও অনেকে অভিযোগ করেছেন, কিছু জঙ্গিবাদী গোষ্ঠী গোপনে সেখানে কার্যক্রম পরিচালনা করছে। এমন একটি আলোচনা-সমালোচনা ছিল। সে বিষয়ে আমরা আরও গভীরভাবে তদন্ত করব।’

মহিবুল হাসান চৌধুরী বলেন, ‘ব্যক্তিপর্যায়ে কেউ যদি এমন মানসিকতা রাখেন এবং সেটা যদি মনে হয় যে মৌলবাদী ও জঙ্গিবাদী গোষ্ঠীকে প্রশ্রয় দেওয়ার মতো কার্যক্রম হচ্ছে, সেটা অবশ্যই বন্ধ করতে হবে এবং প্রতিহত করতে হবে। এজন্য আইনশৃঙ্খলা বাহিনী রয়েছে, এসব তদন্ত তারা করছেন, কাউন্টার টেররিজম ইউনিটও বিষয়টি নিয়ে কাজ করবে।’

বুয়েট শিক্ষার্থীদের আন্দোলনের বিষয়ে শিক্ষামন্ত্রী বলেন, ‘চলমান আন্দোলন নিয়ে শিক্ষার্থীসহ উভয়পক্ষকে আহ্বান জানাব, সেখানে (বুয়েট) শিক্ষার পরিবেশ যাতে নষ্ট না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে।’

এর আগে ‘বঙ্গবন্ধুর সোনার বাংলা- শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের চ্যালেঞ্জ ও সমাধানের পথ’ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে অংশ নেন মহিবুল হাসান চৌধুরী। বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশন আয়োজিত আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোলেমান খান এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক নেহাল আহমেদ। মুখ্য আলোচক ছিলেন অধ্যাপক ড. রতন সিদ্দিকী।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক মো. শাহেদুল খবির চৌধুরী। সভা সম্বলনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক শওকত হোসেন মোল্যা।